সংবাদ।

356

তারিখ ........ পৃষ্ঠা ........ কলাম ........

100

# ভৈরবের শিক্ষা প্রতিষ্ঠানে ২ লাখ ২০ হাজার টাকা

## অনুদান বিতরণ

ভৈরব, ১০ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।---ভৈরব শিক্ষা উন্নয়ন পরিষদ স্থানীয় হাজি আসমত কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দু'লাখ বিশ হাজার টাকা অনুদান প্রদান করেছে। গত পহেলা অক্টোবর হাজি আসমত কলেজ মিলনায়তনে আয়োজিত শিক্ষা উন্নয়ন পরিষদের অনুদান প্রদান অনুষ্ঠানে পরিষদের গভাপতি কিশোরগঞ্জ মহকুমা প্রশাসন জনাব মোহাম্মদ নুরুজ্জামান মিয়া আনুষ্ঠানিকভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানদের নিকট অনুদানের চেক প্রদান করেন।

ভৈরব শিক্ষা উন্নয়ন পরিষদের অনুদান প্রদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পরিষদের উদ্দেশ্য ও কর্মসূচী ব্যাখ্যা করে বক্তব্য রাখেন সর্ব জনাব উপাধ্যক্ষ মৃত্যুঞ্জয় হোসাইন, আবদুল খালেক, ফজলুল করিম ভুঁইয়া, এম, এ মতিন, জহিরুল হক, কবীর আহমেদ, কেফায়েত উল্লাহ, নাসির উদ্দিন সরকার প্রমুখ। অনুষ্ঠানের সভাপতি মহকুমা প্রশাসক জনাব মো: নুরুজ্জামান মিয়া। নিম্নে ভৈরব শিক্ষা উন্নয়ন পরিষদের অনুদানপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও অনুদানের পরিমাণ উল্লেখ করা হলো।

(১) হাজি আসমত কলেজ ১লাখ ৭৫ হাজার টাকা, (২) ভৈরব রেলওয়ে উচ্চবিদ্যালয় ৪ হাজার টাকা, (৩) এম, পি, উচ্চ বালিকা বিদ্যালয় ১৩ হাজার টাকা, (৪) কে, বি হাই স্কুল ১ হাজার টাকা, (৫) শিমুল কান্দি উচ্চ বিদ্যালয় ৯ হাজার টাকা, (৬) শ্রীনগর উচ্চ বিদ্যালয় ৯ হাজার টাকা, (৭) জহির উদ্দিন উচ্চ বিদ্যালয় ৩ হাজার টাকা, (৮) কালিকা প্রসাদ উচ্চ বিদ্যালয় ২ হাজার টাকা, (৯) ফ্রি হাফেজিয়া মাদ্রাসা ১ হাজার টাকা, (১০) দারুস সুন্নাত নেছারিয়া মাদ্রাসা ২ হাজার টাকা, (১১) এম, আই সিনিয়ার মাদ্রাসা ৩ হাজার টাকা, (১২) এ, আর ফুরকানিয়া মাদ্রাসা ১ হাজার টাকা (১৩) দারুল উলুম মাদ্রাসা-৩ হাজার টাকা, (১৪) লক্ষীপুর ফুরকানিয়া মাদ্রাসা ১ হাজার টাকা, (১৫) আনসার ক্যাডেট প্রাইমারী স্কুল ৩ হাজার টাকা (১৬) হাজি আসমত প্রাইমারী স্কুল ১ হাজার টাকা, (১৭) ভৈরবপুর আদর্শ প্রাইমারী স্কুল ২ হাজার টাকা ও (১৮) পলতাকান্দি সরকারী প্রাইমারী স্কুল ১ হাজার টাকা। ভৈরব শিক্ষা উন্নয়ন পরিষদ আয়োজিত অনুদান প্রদান অনুষ্ঠানটি পরিচালনা করেন অধ্যাপক আক্তার বর্তমান।